


# যুগান্তর

ডাকসু নির্বাচনে অনিয়ম ও কারচুপির প্রতিবাদ

## চবিতে বিশ্বাসোভে ছাত্রলীগের হামলা

প্রকাশ : ১৩ মার্চ ২০১৯, ০০:০০ | প্রিন্ট সংস্করণ



যুগান্তর ডেক্স

ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (ডাকসু) নির্বাচনে অনিয়ম ও কারচুপির অভিযোগে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়সহ (চবি) বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে প্রগতিশীল ছাত্রজোটের নেতাকর্মীরা বিশ্বাসোভ-সমাবেশ করেছেন। নির্বাচনে কারচুপির প্রতিবাদে মঙ্গলবার চবিতে প্রগতিশীল ছাত্রজোট বিশ্বাসোভ-মিছিল বের করলে তাতে ছাত্রলীগের ক্যাডাররা হামলা চালায়। এতে প্রগতিশীল ছাত্রজোটের ১০ নেতাকর্মী আহত হন। এদিকে ডাকসু পুনর্নির্বাচনের দাবিতে রাবি ও শাবি ক্যাম্পাসে বিশ্বাসোভ হয়েছে। এ সম্পর্কে যুগান্তর ব্যৱো ও প্রতিনিধিদের পাঠ্যনো খবর-

**চবি :** দুপুরে বিশ্ববিদ্যালয় শহীদ মিনার থেকে প্রগতিশীল ছাত্রজোটের বিশ্বাসোভ মিছিল শুরু হয়। মিছিলটি কেন্দ্রীয় গ্রন্থাগারের সামনে এলে ছাত্রলীগের নেতাকর্মীরা লাঠিসোটা নিয়ে তাদের ওপর হামলা করে। এতে প্রগতিশীল ছাত্রজোটের ১০ নেতাকর্মী আহত হন। আহতদের মধ্যে রয়েছেন- আবিদ, ওয়াসি, জান্নাত মুমু ও সায়মা। ছাত্র ইউনিয়নের সাধারণ সম্পাদক গৌরচান্দ ঠাকুর অপূর্ব বলেন, ঢাকসুর সামনে থেকে বিশ্বাসোভ মিছিল বের করা হলে ছাত্রলীগের সন্ত্রাসীরা লাঠিসোটা নিয়ে আমাদের ওপর অতর্কিত হামলা চালায়। এ সময় তারা ছাত্রীদের লাঞ্ছিত করে। এতে ১০ জন আহত হন। এ বিষয়ে প্রষ্টর অফিসে লিখিতভাবে অভিযোগ জানিয়েছি। বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রলীগের সাবেক তথ্য ও গবেষণা বিষয়ক সম্পাদক শরীফুল ইসলাম বলেন, ঢাকসু নির্বাচনকে ইস্যু করে কিছু শিক্ষার্থী বিশ্ববিদ্যালয়ে অস্থিতিশীল পরিবেশ সৃষ্টি করার পাঁয়তারা করেছিল। আমরা তা প্রতিহত ক?রে?ছি। বিশ্ববিদ্যালয় সহকারী প্রষ্টর হেলাল উ?দিন আহ?মেদ বলেন, কোনো কর্মসূচি পালনের আগে প্রষ্টর অফিসকে অবহিত করা প্রয়োজন। ছাত্র সংগঠনগুলো আমাদের আগে থেকে অব?হিত করলে আমরা প্রয়োজনীয় প্রস্তুতি নিয়ে রাখতে পারতাম। এরপরও ঘটনা জানার পর তৎক্ষণিক পুলিশ ও প্রষ্টরিয়াল বডি গিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে।

**রাজশাহী :** অনিয়ম ও ভোট কারচুপির অভিযোগ এনে পুনরায় ঢাকসু নির্বাচনের দাবি জানিয়েছে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় ছাত্র সংসদ (রাকসু) আন্দোলন মঞ্চ। বিশ্ববিদ্যালয় আম চতুরে সংবাদ সম্মেলনে এ দাবি জানান তারা। লিখিত বক্তব্যে ঢাকসু আন্দোলন মঞ্চের সমন্বয়ক আবদুল মজিদ অন্তর বলেন, ভোটকেন্দ্র দখল ও ভোট কারচুপির মাধ্যমে ঢাকা বিশ্ববিদ্যালয়ে কলঙ্কিত ইতিহাসের সৃষ্টি হয়েছে। নির্বাচনে অংশগ্রহণকারী ছাত্রনেতা ও শিক্ষার্থীদের ওপর ন্যক্তারজনক হামলার নিন্দা জানান তিনি। একই সঙ্গে ঢাকসুর নির্বাচনের ফলাফল বাতিল করে পুনরায় ভোটগ্রহণ এবং রাকসুসহ বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে সুষ্ঠু, নিরপেক্ষ, গ্রহণযোগ্য পরিবেশে নির্বাচন আয়োজনের দাবি জানান তারা। এ সময় উপস্থিতি ছিলেন মঞ্চের সদস্য, মাসুম, ফাতেমা, মো. আলহাজ, সাকি, মেহেদী প্রমুখ।

**শাবি :** ঢাকসু নির্বাচনে পুনঃতফসিলের দাবি জানিয়ে যৌথভাবে বিশ্বাসোভ মিছিল ও সমাবেশ করেছে শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় শাখা সমাজতান্ত্রিক ছাত্র ফ্রন্ট ও জাতীয় ছাত্রদল। বিশ্ববিদ্যালয়ের অর্জুনতলা থেকে বের করা মিছিলটি ক্যাম্পাসের গুরুত্বপূর্ণ স্থানগুলো প্রদক্ষিণ করে এবং কেন্দ্রীয় গ্রন্থাগারের সামনে এসে সমাবেশে মিলিত হয়। সমাবেশে জাতীয় ছাত্রদলের সভাপতি রামকৃষ্ণ দাসের সভাপতিত্বে ও সমাজতান্ত্রিক ছাত্র ফ্রন্ট শাবি শাখার সদস্য মইনুদ্দিন মিয়ার সঞ্চালনায় ছাত্র ফ্রন্টের আহ্বায়ক প্রসেনজিং রূপ্ত, সাধারণ সম্পাদক নায়িরুল আজিম বিশ্বাস, জাতীয় ছাত্রদলের সাংগঠনিক সম্পাদক দীনবন্ধু সরকার সৌরভসহ শাবিপ্রবি শাখা সমাজতান্ত্রিক ছাত্র ফ্রন্ট ও জাতীয় ছাত্রদলের সদস্যরা উপস্থিতি ছিলেন।

**ভারপ্রাপ্ত সম্পাদক :** সাইফুল আলম, **প্রকাশক :** সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৪০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২।  
ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

---

© সর্বস্বত্ত্ব স্বত্ত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৯ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার  
বেআইনি।